

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তাগণের নাম:

জনাব মো. খায়রুল আলম সেখ, যুগ্মসচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
জনাব আমিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

পরিদর্শনের তারিখ: ১৩-১৪ মে ২০১৯

পরিদর্শন এলাকা: ঈশ্বরদী উপজেলা, পাবনা

গত ১৩-১৪ মে ২০১৯ জনাব মো. খায়রুল আলম সেখ, সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল পাবনা জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পাবলিক প্লেস পরিদর্শন করেন। এ সময়কালে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১৫ বাস্তবায়ন অগ্রগতি সরেজমিন পরিদর্শন করেন। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের প্রোগ্রাম অফিসার আমিনুল ইসলাম সার্বক্ষণিক সমন্বয়কারীর সঙ্গে এসব পরিদর্শনে ও আলোচনায় উপস্থিত থেকে আলোকচিত্র গ্রহণ ও তথ্য লিপিবদ্ধ করেন।

ঈশ্বরদী উপজেলা পরিষদ চত্বরের পরিদর্শনকৃত স্থানসমূহ: (১) উপজেলা পরিষদ ভবন, ঈশ্বরদী (২) উপজেলা ভূমি অফিস, ঈশ্বরদী, ইত্যাদি।

(১) উপজেলা পরিষদ ভবন, ঈশ্বরদী

আইন অনুযায়ী উপজেলা পরিষদ ভবন, ঈশ্বরদী পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত স্থান। এটি উপজেলার সবচাইতে গুরুত্বপূর্ণ পাবলিক প্লেস, যেখানে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা বন কর্মকর্তাসহ উপজেলার বিভিন্ন সরকারি অফিস রয়েছে। উপজেলা পরিষদ ভবনের বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্ছনীয়। পরিদর্শনকালে:

(১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক।

(২) নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা গেছে। তবে তা পর্যাপ্ত নয়। বিশেষ করে, ভবনের প্রবেশ পথে কোন সাইনেজ দেখা যায়নি।

(৩) ভবনের অভ্যন্তরে তামাকের বিক্রয়কেন্দ্র ছিল না।



সুপারিশ:

আইন
অনুযায়ী নো
স্মোকিং
সাইনেজ
লাগানোর
বিষয়টি
উপজেলা
নির্বাহী
কর্মকর্তা,
ঈশ্বরদী-কে
জানানো
যেতে পারে।





(২) উপজেলা ভূমি অফিস, ইশ্বরদী

আইন অনুযায়ী উপজেলা ভূমি অফিস, ইশ্বরদী পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত স্থান। উপজেলা পরিষদ চত্বরে ভূমি অফিস উপজেলা পরিষদ ভবনের বাইরে অবস্থিত। এ অফিস পরিদর্শনকালে:

- (১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক।
- (২) কাগজে লেখা নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা গেছে।

সুপারিশ: আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ লাগানোর বিষয়টি উপজেলা ভূমি কর্মকর্তা-কে জানানো যেতে পারে।

(৩) বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বাগান কেন্দ্র, ইশ্বরদী



আইন অনুযায়ী বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বাগান কেন্দ্র, ইশ্বরদী একটি পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত স্থান। উপজেলা পরিষদ চত্বরে ভূমি অফিসের পাশ্ববর্তী একটি দো-চালা ঘরে এ অফিস অবস্থিত। এ অফিস পরিদর্শনকালে:

- (১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক।
- (২) কোন নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা যায়নি।

সুপারিশ: আইন অনুযায়ী অফিসের প্রবেশ পথে নো স্মোকিং সাইনেজ

লাগানোর বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা-কে জানানো যেতে পারে।

প্রতিবেদন প্রণয়নকারী

আমিনুল ইসলাম সুজন
পোগ্রাম অফিসার, এনটিসিসি